৩৩

দৈনিক বাংলা

তারিখ ... 15 SEP 1994 ... ..
পৃষ্ঠা ৬ কলাম ৪

# সরকার নিরক্ষরতা দূর করতে প্রতিজ্ঞাবদ্ধ ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বলেন, বর্তমান সরকার ২০০০ সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করতে প্রতিজ্ঞাবদ্ধ।

শিক্ষামন্ত্রী বুধবার ঢাকার এক হোটেলে লায়নেস সেন্ট্রাল কাউন্সিল, জেলা ৩১৫–এ বাংলাদেশ–এর অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কাউন্সিল সভানেত্রী রত্না রহমত উল্লাহর সভানেত্রীত্বে এ অনুষ্ঠানে লায়ন মুসলেম আলী খান, জাকির আহমদ, লায়নেস পলি রশীদ ও নার্গিস সুলতান বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন করা এবং নিরক্ষরতা দূর করার লক্ষ্যে ইতোমধ্যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে।